# বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন
# BANGLADESH STEEL & ENGINEERING CORPORATION
A State-Owned Enterprise Under Ministry of Industries, Government of the People's Republic of Bangladesh
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীন রাষ্ট্রায়ত্ত সংস্থা
বিএসইসি'র পণ্য গুণে মানে দামে অনন্য





স্মারক নং-৩৬.৯৩.০০০০.০১০.০২.০১২.১৫.০২ তারিখঃ ০২-০৭-২০২৪খ্রি.

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) এর কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ/গৃহ মেরামত, মোটরসাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণ প্রদান নীতিমালা-২০২৩ এর আলোকে বিএসইসি প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানের ৯ম গ্রেড ও তদূর্ধ কর্মকর্তাগণের গৃহ নির্মাণ/গৃহ মেরামত, মোটরসাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণ প্রদান করা হবে। উক্ত খাতে ঋণ গ্রহণে ইচ্ছুক কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে আগামী ০৭-০৭-২০২৪খ্রি. হতে ২১-০৭-২০২৪খ্রি.মধ্যে অফিস চলাকালীন নির্ধারিত ফরমে ও ঋণ নীতিমালার শর্ত অনুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, বিএসইসি প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের আবেদনসমূহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের মাধ্যমে বিভাগ ভিত্তিক এবং বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানের ৯ম গ্রেড ও তদূর্ধ কর্মকর্তাগণের আবেদনসমূহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিষ্ঠান ভিত্তিক সচিব, বিএসইসি, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। বিএসইসি'র ওয়েব সাইট (www.bsec.gov.bd) হতে ঋণ নীতিমালার শর্ত ও আবেদন ফরম ডাউন-লোড করে আবেদন করতে হবে।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০২/০৭/২০২৪
(মোঃ গোলাম মোস্তফা)
ঊর্ধ্বতন সমন্বয় কর্মকর্তা
সচিব, বিএসইসি'র পক্ষে

বিতরণ (কার্যার্থে):
১। ব্যবস্থাপনা পরিচালক (সকল)..................................................(নোটিশ বোর্ডে প্রদানের অনুরোধসহ)।
২। বিভাগীয় প্রধান (সকল), বিএসইসি, ঢাকা (অধীন কর্মকর্তা-কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)।
৩। এমআইএস ও আইসিটি বিভাগীয় প্রধান, বিএসইসি, ঢাকা (বিএসইসি'র ওয়েব সাইটে বিজ্ঞপ্তি, ঋণ নীতিমালার শর্ত ও আবেদন ফরম প্রকাশের অনুরোধসহ)।
৪। পিএস টু পরিচালক (সকল), বিএসইসি, ঢাকা ..................(অধীন কর্মকর্তা-কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ))।

অনুলিপি (সদয় অবগতির জন্য):
১। ব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান দপ্তর, বিএসইসি, ঢাকা।
৩। নোটিশ বোর্ড।
৪। অফিস নথি।

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন
বিএসইসি ভবন
১০২ কাজী নজরুল ইসরাম এভিনিউ
কাওরান রাজার, ঢাকা-১২১৫।

## ঋণের আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ০১ | আবেদনকারীর নাম | : | |
| ০২ | কর্মরত প্রতিষ্ঠানের নাম | : | |
| ০৩ | পদবী ও গ্রেড | : | |
| ০৪ | স্টাফ নম্বর | : | |
| ০৫ | বিভাগ/শাখা | : | |
| ০৬ | জন্ম তারিখ ও বর্তমান বয়স (০১-০৭-২০২৪ তারিখে) | : | |
| ০৭ | চাকুরীতে যোগদানের তারিখ | : | |
| ০৮ | চাকুরির মেয়াদ (০১-০৭-২০২৪ তারিখে) | : | |
| ০৯ | অবসর গ্রহণের তারিখ | : | |
| ১০ | বর্তমান মূল বেতন | : | |
| ১১ | বর্তমান মাসিক মোট বেতন | : | |
| ১২ | অন্যান্য আয় (যদি থাকে) | : | |
| ১৩ | বিএসইসি ব্যতীত অন্য কোন ব্যাংক/প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণের পরিমাণ ও বিবরণ | : | |
| ১৪ | **ঋণ গ্রহণে ইচ্ছুক খাত ও পরিমাণ-** | | |
| | ক) গৃহ নির্মাণ/গৃহ মেরামত | : | |
| | খ)মোটর সাইকেল ক্রয় | : | |
| | গ) কম্পিউটার ক্রয় | : | |
| ১৫ | ঋণ গ্রহণের নীতিমালা অনুযায়ী আবেদনপত্রের সাথে দাখিলকৃত ডকুমেন্টস/কাগজপত্রের তালিকা: (**গৃহ নির্মাণ/গৃহ মেরামতের ক্ষেত্রে** জমির দলিল, ভবনের নকশা ও আনুষাঙ্গিক কাগজপত্র। **বাস্তুভিটায় গৃহ নির্মাণ/গৃহমেরামতের ক্ষেত্রে** বাবা/মায়ের জমির দলিল, ভবনের নকশা এবং নিজ নামে জমির দলিল ও আনুষাঙ্গিক কাগজপত্র। **ফ্লাট ক্রয়ের ক্ষেত্রে** চুক্তিনামা ও আনুষাঙ্গিক কাগজপত্র। এছাড়া ঋণ নীতিমালা অনুযায়ী অন্যান্য ডকুমেন্টস) | | |

| | |
|---|---|
| আবেদনকারীর স্বাক্ষর, তারিখ ও সীল | সুপারিশকারী কর্মকর্তা/বিভাগীয় প্রধানের স্বাক্ষর, তারিখ ও সীল |

**বিএসইসি'র হিসাব বিভাগ কর্তৃক পূরণীয় (০১-০৭-২০২৪ খ্রি. অনুযায়ী)**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৬ | মাসিক মূল বেতন | : | | | |
| ১৭ | মাসিক সর্বমোট বেতন | : | | | |
| ১৮ | মাসিক সর্বমোট কর্তন | : | | | |
| ১৯ | কর্তনান্তে মাসিক নীট বেতন | : | | | |
| ২০ | **পূর্ববর্তী ঋণ গ্রহণের পরিমাণ-** | | | | |
| | ক. গৃহ নির্মাণ/গৃহ মেরামত | খ. মোটর সাইকেল ক্রয় | গ. কম্পিউটার ক্রয় | মোট | |
| | | | | | |
| ২১ | ঋণ খেলাপি কিনা- | | | | |
| ২২ | **পূর্ববর্তী ঋণের জের-** | | | | |
| | ক. গৃহ নির্মাণ/গৃহ মেরামত | খ. মোটর সাইকেল ক্রয় | গ. কম্পিউটার ক্রয় | মোট | |
| | | | | | |
| ২৩ | অর্জিত আনুতোষিকের পরিমাণ | : | | | |
| ২৪ | পূর্ববর্তী ঋণের অর্থ বিয়োগান্তে অবশিষ্ট আনুতোষিকের পরিমাণ | : | | | |

| | |
|---|---|
| তথ্য প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল | হিসাব নিয়ন্ত্রকের স্বাক্ষর ও সীল |

সংলগ্নী-১

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের
বিএসইসি ভবন
১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১২১৫

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ/গৃহ মেরামত, মোটরসাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২৩ এর আলোকে ঋণ গ্রহণের শর্তাবলী।

(০১) গৃহ নির্মাণ/গৃহ মেরামত, মোটর সাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণের জন্য আবেদনকারীকে বিএসইসি প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানের ৯ম গ্রেড ও তদূর্ধ কর্মকর্তা হতে হবে।

(০২) গৃহ নির্মাণ/গৃহ মেরামত, মোটর সাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণ প্রাপ্তির জন্য সর্বোচ্চ বয়সসীমা ৫৬ (ছাপান্ন) বছর। ঋণ আবেদনকারীর চাকুরীকাল স্থায়ী কর্মকর্তা/কর্মচারী হিসেবে গৃহ নির্মাণ/গৃহ মেরামত, মোটর সাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণ প্রাপ্তির ক্ষেত্রে ন্যূনতম ৮ (আট)বছর পূর্ণ হতে হবে এবং পিআরএল যাওয়ার ৩ (তিন) বছর হতে কম সময় হলে কোন কর্মকর্তা/কর্মচারীর ঋণ আবেদন করা বিবেচনা করা হবে না।

(০৩) কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা এবং দুর্নীতি মামলার ক্ষেত্রে চার্জশিট দাখিল হলে মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এ নীতিমালার আওতায় ঋণ গ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

(০৪) বিএসইসি'র চাকুরীতে চুক্তিভিত্তিক, খন্ডকালীন ও অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত কোন কর্মকর্তা/কর্মচারী এ নীতিমালার আওতায় ঋণ পাওয়ার যোগ্য বিবেচিত হবেন না।

(০৫) গৃহ নির্মাণ ঋণ গ্রহণের ক্ষেত্রে ভবনের নকশা পৌর এলার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।

(০৬) ঋণ প্রাপ্তির উদ্দেশ্যে প্রস্তাবিত ভূমি বা ফ্ল্যাট সম্পূর্ণ দায়মুক্ত হতে হবে।

(০৭) বিএসইসি/প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ব্যাংকে আবেদনকারীর একটি হিসাব থাকতে হবে। উক্ত হিসাবের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন/ভাতা/পেনশন এবং গৃহ নির্মাণ, গৃহ মেরামত, মোটর সাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

(০৮) বিএসইসি'র ঋণ বিতরণের জন্য নির্ধারিত ফরম-এ আবেদন করতে হবে। ঋণ গ্রহণে ইচ্ছুক কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত এ ফরমেই ঋণের জন্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে সচিব, বিএসইসি বরাবর আবেদন করবেন।

(০৯) ঋণ বিতরণের জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদনকারীর নাম পদবি, ষ্টাফ নম্বর, চাকুরিতে যোগদানের তারিখ, অবসর গ্রহণের তারিখ, অর্জিত আনুতোষিক, পূর্ববর্তী ঋণের হিসাব, চাহিত ঋণের পরিমাণ অবশ্যই থাকতে হবে।

(১০) ঋণ আবেদনকারীকে পূর্ববর্তী ঋণ এবং নিরীক্ষা আপত্তিতে উল্লেখিত নির্দিষ্ট অর্থ কর্তন শেষে সংযোজনী 'ক' এ বর্ণিত নির্ধারিত সিলিং অনুযায়ী (বাজেট থাকা সাপেক্ষ) ঋণ সুবিধা মঞ্জুর করা হবে। তবে নীট বেতন হতে প্রদেয় ঋণের কিস্তি আদায়ের সুযোগ থাকতে হবে।

(১১) কম্পিউটার ও মোটর সাইকেল ক্রয় খাতের সর্বোচ্চ ঋণ হবে যথাক্রমে ১.০০ ও ১.৫০ লক্ষ টাকা। তবে আবেদনকারীর প্রাপ্য ঋণের পরিমাণ মোট সিলিং অতিক্রম করতে পারবে না।

(১২) সকল ধরনের কর্তনের সমষ্টি মূল বেতনের অধিক হতে পারবে না।

(১৩) বিএসইসি কর্তৃক নির্ধারিত সবোর্চ্চ সিলিং (সংযোজন-ক) অনুযায়ী ৩য় গ্রেড- ৬০.০০ লক্ষ, ৪র্থ গ্রেড হতে ৫ম গ্রেড-৫০.০০ লক্ষ, ৬ষ্ঠ গ্রেড হতে ৮ম গ্রেড- ৪০.০০ লক্ষ, ৯ম গ্রেড হতে ১০তম গ্রেড- ৩০.০০ লক্ষ, ১২তম গ্রেড হতে ১৪তম গ্রেড- ২৫.০০ লক্ষ এবং ১৫তম গ্রেড হতে ২০তম গ্রেড- ২০.০০ লক্ষ টাকা বিবেচনায় নিয়ে ও কমিটি কর্তৃক নির্ধারণের মাধ্যমে ঋণ মঞ্জুর ও বিতরণ করা হবে। সিলিং নির্ধারণের ক্ষেত্রে নির্মাণাধীন বাড়ির জমিসহ প্রাক্কলন ব্যয়, জমিসহ তৈরী বাড়ি ক্রয় ও ফ্ল্যাটের ক্রয় মূল্যের সাথে রেজিস্ট্রেশন ফি অন্তর্ভুক্ত করতে হবে।

(১৪) বিএসইসি'র কর্মকর্তা/কর্মচারীদের ঋণ হিসেবে মঞ্জুরকৃত অর্থ প্রদানের পরবর্তী মাস হতে ভোগকৃত সময়কালের উপর ব্যাংক রেইটে সুদ ধার্য করা হবে। এটি হবে সরল সুদ এবং সুদের উপর কোন সুদ আদায় করা হবে না।

(১৫) ঋণ গ্রহিতাকে গৃহ নির্মাণ/গৃহ মেরামত, মোটর সাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণ প্রাপ্তির জন্য প্রসেসিং ফি অথবা আগাম ঋণ পরিশোধের ক্ষেত্রে কোন প্রকার অতিরিক্ত ফি প্রদান করতে হবে না।

(১৬) **সম্পত্তি বন্ধকীকরণ:**

ক) গৃহ নির্মাণ/গৃহ মেরামত/ফ্ল্যাট বা জমিসহ তৈরী বাড়ি ক্রয়ের ক্ষেত্রে ঋণ প্রদানের পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে যে সম্পত্তিতে ঋণ প্রদান করা হবে তা বিএসইসি বরাবর বন্ধক প্রদান করতে হবে।

খ) বাস্তুভিটাতে বাড়ি করার ক্ষেত্রে ঋণ গ্রহীতার মালিকানাধীন অপর কোন সম্পত্তি বন্ধক প্রদান করা যাবে।

গ) কম্পিউটার ও মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ গ্রহণের ক্ষেত্রে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কর্তৃপক্ষের সংগে চুক্তি সম্পাদন করতে হবে এবং কম্পিউটার ও মোটর সাইকেল ক্রয়ের রসিদ জমা প্রদান করতে হবে।

(ঘ) সকল প্রকার ঋণের ক্ষেত্রে ঋণ মঞ্জুরীর সমপরিমাণ অর্থের ৫ (পাঁচ) টি তারিখ বিহীন চেক জামাত হিসেবে জমা প্রদান করতে হবে।

(১৭) **মঞ্জুরীকৃত ঋণ বিতরণের কিস্তি:**

ক) গৃহ নির্মাণ/গৃহ মেরামত কাজের উপর ভিত্তি করে মঞ্জুরীকৃত ঋণ ১টি কিস্তি বা ২টি কিস্তিতে বিতরণযোগ্য হবে, মোটর সাইকেল ও কম্পিউটার ঋণ ১টি কিস্তিতে বিতরণযোগ্য হবে, যা বিএসইসি এবং ঋণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী পর্যায়ে চূড়ান্ত করা হবে। বিএসইসি'র নির্ধারিত ব্যাংক হিসাব হতে ঋণের কিস্তি বিতরণ করা হবে।

খ) সম্পূর্ণ তৈরি (Ready) ফ্ল্যাট অথবা জমিসহ তৈরি বাড়ি ক্রয়ের ক্ষেত্রে সমুদয় ঋণ এক কিস্তিতে প্রদান করা হবে।

(১৮) **ঋণ হিসাবায়ন পদ্ধতি :**

ক) বিএসইসি কর্তৃক আসল, কর্মচারী কর্তৃক প্রদেয় সুদ পৃথকভাবে প্রদর্শনপূর্বক ঋণ পরিশোধের সিডিউল প্রস্তুত করা হবে।

খ) ঋণ গ্রহীতাগণকে ক্রমহ্রাসমান (Reducing balance) আসল টাকার উপর ব্যাংক রেটে সরল সুদে ঋণ প্রদান করা হবে। অর্থাৎ এক্ষেত্রে সুদের উপর কোন সুদ আরোপ করা হবে না।

গ) অনিবার্য কারণবশত মাসিক কিস্তি পরিশোধে বিলম্ব হলে, বিলম্বের জন্য আরোপযোগ্য সুদ শেষ কিস্তির সাথে যুক্ত হবে।

(১৯) **ঋণের মেয়াদকাল ও ঋণের মাসিক কিস্তি আদায় পদ্ধতি:**

ক) ঋণ পরিশোধের মেয়াদকাল সর্বোচ্চ ১০ বছর।

খ) গৃহ নির্মাণ/গৃহ মেরামত খাতে প্রদত্ত ঋণ (সুদাসল) ১২০টি সমান মাসিক কিস্তিতে এবং কম্পিউটার ও মোটর সাইকেল ক্রয় খাতের ঋণ (সুদাসল) ৬০টি সমান মাসিক কিস্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মাসিক বেতন হতে আদায়যোগ্য হবে। তবে অবসর জনিত কারণে প্রদত্ত ঋণের সমুদয় কিস্তির টাকা আদায় করা সম্ভবপর না হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সার্ভিস বেনিফিট হতে সমন্বয় করা হবে।

গ) ঋণ প্রদানের পরবর্তী মাস হতে নির্ধারিত কিস্তির টাকা ঋণ গ্রহণকারীর মাসিক বেতন হতে কর্তনপূর্বক আদায় করা হবে। কর্মকর্তা/কর্মচারীর গৃহীত ঋণের বিপরীতে ঋণ বিতরণ কমিটি কর্তৃক নির্ধারিত মাসিক কিস্তির পরিমাণ পরিবর্তন করা যাবে না এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত ব্যতিরেকে মাসিক কিস্তি বন্ধ রাখা যাবে না।

ঘ) গৃহীত ঋণ এককালীন ফেরত প্রদান করা যাবে। সেক্ষেত্রে গৃহীত ঋণের ভোগকৃত সময়কালের উপর নির্ধারিত হারে সুদ আরোপিত হবে।

ঙ) ঋণ গহীতা যদি বিএসইসি প্রধান কার্যালয় হতে অন্যত্র বদলি হয়ে যান তাহলে তার সর্বশেষ বেতন সনদে গৃহ নির্মাণ/গৃহ মেরামত, মোটর সাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণের কিস্তি কর্তনের বিষটি উল্লেখ করা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বেতন হতে ঋণের কিস্তি কর্তন করে বিএসইসি প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

চ) ঋণ গ্রহীতার অবসর গ্রহণের ক্ষেত্রে প্রদত্ত ঋণের সমুদয় কিস্তির টাকা বেতন হতে আদায় করা সম্ভবপর না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সার্ভিস বেনিফিট ও পিএফ এর নিজস্ব জমা হতে সমন্বয় করা হবে।

(২০) **স্বেচ্ছায় অবসর চাকুরীচ্যুতি বা বাধ্যতামূলক অবসর প্রাপ্তির ক্ষেত্রে আদায় পদ্ধতি :**

কোন কর্মকর্তা/কর্মচারী স্বেচ্ছায় চাকুরী ত্যাগ করলে অথবা বিএসইসি কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরী হতে বরখাস্ত/চাকুরীচ্যুত করা হলে এক্ষেত্রে বিএসইসি'র নিজস্ব পোর্ট ফলিও অনুযায়ী ঋণ হিসাবের অবশিষ্ট টাকা সুদসহ ঋণ গ্রহীতার প্রাপ্য পেনশন সুবিধা/আনুতোষিক (যদি থাকে) হতে সমন্বয় করা হবে, সমন্বয় করা সম্ভব না হলে সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক বন্ধকীকৃত সম্পত্তি বিএসইসি বিক্রী করে আদায় করবে এবং ঋণ গ্রহীতার ৩০০ (তিনশত) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প দলিলে প্রদত্ত অঙ্গীকারনামা অনুযায়ী তিনি সুদসহ ঋণের অবশিষ্ট টাকা পরিশোধ করতে বাধ্য থাকবেন। তিনি সংশ্লিষ্ট টাকা পরিশোধে ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

(২১) **ঋণ গ্রহীতার মৃত্যু হলে আদায় পদ্ধতি:**

ক) কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে সেক্ষেত্রে তার নিকট থেকে প্রাপ্য ঋণের অবশিষ্ট কিস্তির টাকা তার প্রাপ্য আনুতোষিক ও পিএফ এর নিজস্ব পাওনা থেকে আদায় করা সম্ভব না হলে তার পারিবারিক পেনশন দ্বারা সুদের হার অপরিবর্তিত রেখে আদায়ের ব্যবস্থা করা হবে।

খ) যদি আনুতোষিক অথবা পারিবারিক পেনশন দ্বারা সম্পূর্ণ ঋণ আদায় নিশ্চিত না হয়, তাহলে তার উত্তরাধিকারীর নিকট হতে সুদের হার অপরিবর্তিত রেখে অপরিশোধিত টাকা আদায়যোগ্য হবে।

গ) এক্ষেত্রে পাওনা আদায়ের জন্য বিএসইসি'র প্রচলিত নিয়ম পরিপালনযোগ্য হবে।

(২২) এ বিষয়ে ইতপূর্বে জারিকৃত ঋণ বিতরণ নীতিমালা বাতিল বলে গণ্য হবে। তবে উক্ত নীতিমালার আওতায় ইতোমধ্যে গৃহীত কার্যব্যবস্থা বহাল থাকবে।

(২৩) হিসাব বিভাগ বিএসইসি এ নীতিমালার বাস্তবায়ন পরিবীক্ষণ করবে।

(২৪) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের (বিএসইসি) কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ/গৃহ মেরামত, মোটর সাইকেল ও কম্পিউটার ক্রয় ঋণ প্রদান নীতিমালা ২০২৩ এর সকল শর্তাবলী প্রযোজ্য হবে।

-০-